



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/ ৬২৭০/৮

তারিখঃ ২২.১২.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্জে দিয়ে এডহক অনুমতি প্রসঙ্গে।**

- সূত্র: ১) স্মারক নং-বামাশিবো/প্রশা/২১৬২/০৪/নথি নং-১২৭; তারিখ: ১৯/০৩/১৭খ্রিঃ।  
 ২) স্মারক নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-১২৭/৩০৭১/৮; তারিখ: ১৯/০৮/২০১৮খ্রিঃ।  
 ৩) স্মারক নং-০৫.৪৫.৬১৭২.০০৫.৪২.০০৯.১৭-৬২৪; তারিখ: ১৯/০৮/২০১৮খ্রিঃ।  
 ৪) স্মারক নং-বামাশিবো/প্রশা/৩১১৭/৬ নথি নং-ময়মনসিংহ-১২৭; তারিখ: ১৬/১০/১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন ধুরুয়া ডি.এস. দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি অত্র বোর্ডের সূত্রোক্ত ০১ (এক) নং স্মারক দ্বারা জনাব মো: মাকছুদুর রহমান নোমানকে সভাপতি মনোনয়ন করে অনুমোদন দেয়া হয়। সভাপতি পদে বহাল হওয়ার পর অনিয়ম ও উদাসীনতার কারণে মাদ্রাসার একাডেমিক কার্যক্রম খুবই দুর্বল হয়ে পড়েছে মর্মে মাননীয় সংসদ সদস্য ১৫৪, ময়মনসিংহ-৯, জনাব মো: আনোয়ারুল আবেদীন খান তুহিন একখানা ডিও লেটার প্রেরণ করেন।

উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত ০২ (দুই) নং স্মারক দ্বারা উপজেলা নির্বাহী অফিসারকে তদন্তের জন্য পত্র দেয়া হলে, সূত্রোক্ত ০৩ (তিন) নং স্মারক দ্বারা তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে উক্ত মাদ্রাসার একাডেমিক কার্যক্রম, শিক্ষার মানোন্নয়ন এবং সার্বিক সমস্যা সমাধান কল্পে চলমান ম্যানেজিং কমিটি বাতিল করে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য মতামত দিয়েছেন। উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক প্রেরিত পত্রের বিষয়ে চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্জে দিয়ে কেন এডহক কমিটি গঠন করা হবে না তা আগামী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সমর্থনীয় কাগজপত্র সহ লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রোক্ত ০৪ (চার) নং স্মারক দ্বারা ম্যানেজিং কমিটির সভাপতি/ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হয়। ভারপ্রাপ্ত সুপার কোনো জবাব প্রদান করেননি। সভাপতি যে লিখিত জবাব দিয়েছেন তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত ০১ (এক) নং স্মারক দ্বারা অনুমোদিত চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া হলো এবং ভারপ্রাপ্ত সুপার কর্তৃক এডহক কমিটি অনুমতি চাওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপিকঃ ভারপ্রাপ্ত সুপার, ধুরুয়া ডি.এস. দাখিল মাদ্রাসা।

ডাকঘর: খামারগাঁও, উপজেলা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/

তারিখঃ .১২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৫. সভাপতি, ধুরুয়া ডি.এস. দাখিল মাদ্রাসা, ডাকঘর: খামারগাঁও, উপজেলা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. জনাব এইচ এ সারোয়ার (রিট পিটিশন নং-১১০১৬/২০১৮ এর বাদী )
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪